গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং- ১৭০-আইন/২০২৬/২৫/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, Semiconductor শিল্পের Semiconductor and Integrated Circuit (IC) Design, Electronic Design Automation (EDA), Outsourced Semiconductor Assembly and Testing (OSAT), Packaging and Fabrication এর স্থানীয় বিকাশের লক্ষ্যে, উক্ত আইনের প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE কলাম (1) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (2) এ বর্ণিত পণ্যসমূহ আমদানির ক্ষেত্রে কাস্টমস ডিউটি, মূল্য ভিত্তিক যে পরিমাণ ১% (এক শতাংশ) এর অতিরিক্ত হয় সেই পরিমাণ এবং সমুদয় রেগুলেটরি ডিউটি, মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক (যদি থাকে), এবং আগাম কর হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা:-

TABLE

H. S. Code	**Description**
(1)	(2)
3818.00.00	Wafers
3907.30.00	Epoxy moulding compunds (EMC)
3909.40.00	Phenolic moulding compounds
8419.89.90	Thermal shock chambers
8473.30.00	Hardware emulation platforms / FPGA prototyping chassis for SoC validation
8473.30.00	Data Center Grade FPGA Boards
8479.89.00	Automation units / handlers / robotic accessories used in test setups
8486.40.00	Die bonders / Die attach machines
8486.40.00	Wire bonders (ball/wedge)
8486.40.00	Flip-chip bonders
8486.40.00	Wafer dicing saw
8486.40.00	Wafer probers
8486.40.00	Trim & form machines
8486.40.00	Wave solder machines
8486.40.00	Selective soldering machines

Downloaded from www.taxvatpoint.com

H. S. Code	Description
(1)	(2)
8486.90.00	Parts & accessories for the machines and apprratus of a kind used solely or principally for the manufacture of semiconductor boles or wafers, semiconductor devices, electronic integrated circuits
8514.19.00	Industrial reflow ovens
8514.39.00	Burn-in ovens
8514.90.00	Parts for industrial ovens
8515.11.00	Electric soldering irons/stations
8515.90.00	Parts for soldering equipment
8523.49.90	Other FPGA Development Tools (Software)
8523.80.20	Test executive software (ATE software)
8523.80.90	CAD/CAE Software
8523.80.90	EDA Software (Cadence, Synopsys, Siemens, Ansys, AMC)
8523.80.90	Engineering Simulation Software (TCAD, EM Solver)
8523.80.90	Digital IP cores (DDR, PCIe, USB)
8523.80.90	Analog IP (PLL, ADC, DAC)
8523.80.90	RF IP (LNA, PA, Mixer)
8523.80.90	Power IP (PMIC, LDO, DC-DC)
8534.00.00	Printed Circuit Board (PCB)
8542.39.90	Analog-to-Digital Converter (ADC) ICs
8542.39.90	Digital-to-Analog Converter (DAC) ICs
8542.39.90	Power management ICs (PMIC), voltage regulators and power controllers
8542.39.90	High-speed SerDes PHY / interface ICs and mixed-signal high-speed ICs
8542.39.90	RF and mixed-signal integrated circuits (LNAs, mixers, PLLs, etc.)
8542.39.90	Photonics integrated circuits / optical semiconductor chips (prototype category)
8543.70.90	Development Kits & Evaluation Boards
9027.50.00	High-Resolution Thermal Imaging Camera
9030.20.00	High-Speed Oscilloscope (33+ GHz)
9030.20.00	Oscilloscopes
9030.33.00	Instruments for bench measurements
9030.82.00	Semiconductor wafer/device measurement instruments (IC electrical test/ parameter measurement)
9030.82.00	EM Probing Station
9030.89.00	Signal analyzers, spectrum analyzers, protocol analyzers and other electronic measuring
9030.89.00	Vector Network Analyzer
9031.20.00	Test benches / automated test benches / ATE bench-type systems
9031.41.00	Solder Paste Inspection (SPI) Machine
9031.41.00	Automated Optical Inspection (AOI) Machine

Downloaded from www.taxvatpoint.com

H. S. Code	Description
(1)	(2)
9031.80.00	ATE accessories, measurement fixtures, device handlers and supporting test equipment
9403.20.00	Electrostatic Discharge Workbench

শর্তাবলি

(১) এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি সুবিধার লক্ষ্যে আমদানিকারক প্রতিষ্ঠানকে বাংলাদেশ সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রিজ অ্যাসোসিয়েশন প্রতিষ্ঠান হইতে হইবে।

(২) আমদানিকৃত যন্ত্র বা যন্ত্রাংশ বা উপকরণ বা সফটওয়্যার সেমি-কন্ডাক্টর উৎপাদন বা সেমিকন্ডাক্টর ডিজাইন, এসেম্বলিং, প্যাকেজিং, টেস্টিং এবং ফেব্রিকেশন ব্যতীত অন্য কোনো কাজে ব্যবহার বা বিক্রয় বা অন্যবিধভাবে হস্তান্তর করা যাইবে না।

(৩) এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে এই প্রজ্ঞাপনে উল্লিখিত সকল শর্তাবলি পরিপালন করা হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক আনুষঙ্গিক দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ডের নিকট ৩০ জুন, ২০৩১ খ্রিস্টাব্দ এর মধ্যে আবেদন করিতে হইবে।

(৪) প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত আবেদনের ভিত্তিতে নিম্নবর্ণিত পরিদর্শন কমিটির প্রতিবেদন জাতীয় বোর্ড কর্তৃক গৃহীত হইতে হইবে, যথা:-

(ক)	প্রথম সচিব (কাস্টমস), জাতীয় রাজস্ব বোর্ড	আহ্বায়ক
(খ)	সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা	সদস্য
(গ)	বোর্ড কর্তৃক নির্ধারিত যেকোনো পাবলিক প্রকৌশল বিশ্ববিদ্যালয় এর ১ (এক) জন যথোপযুক্ত প্রতিনিধি	সদস্য
(ঘ)	দ্বিতীয় সচিব (কাস্টমস), জাতীয় রাজস্ব বোর্ড	সদস্য সচিব।

(৫) অনুচ্ছেদ ৪ এ উল্লিখিত কমিটি, উহার গঠনের অনধিক ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে, আবেদনকারী প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিবে এবং প্রতিবেদন প্রাপ্তির পর জাতীয় রাজস্ব বোর্ড প্রতিবেদন বিবেচনাপূর্বক এই প্রজ্ঞাপনের শর্তাবলি যথাযথভাবে প্রতিপালিত হইয়াছে মর্মে সন্তুষ্ট হইলে, উক্তরূপ প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে উল্লিখিত অব্যাহতি প্রদান করিয়া আদেশ জারি করিতে পারিবে।

Downloaded from www.taxvatpoint.com

(৬) এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, কোনো উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে।

(৭) কোনো পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান অনুচ্ছেদ ৬ এর বিধানাবলি পরিপালন করিতে ব্যর্থ হইলে উক্তরূপ অব্যাহতি প্রাপ্য হইবে না।

(৮) অব্যাহতি সুবিধা প্রাপ্ত কোনো প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলি যথাযথভাবে প্রতিপালন করিতেছে কিনা উহা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনার যেকোনো সময় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে।

(৯) অনুচ্ছেদ ৮ এর অধীন অনুসন্ধানের পরিপ্রেক্ষিতে যদি প্রতীয়মান হয় যে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক এই প্রজ্ঞাপনের কোনো শর্ত প্রতিপালিত হইতেছে না, তাহা হইলে উহার বিরুদ্ধে কাস্টমস আইন, ২০২৩ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধান অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে এবং বোর্ড, অব্যাহতি সুবিধা তাৎক্ষণিকভাবে বাতিল করিতে পারিবে।

(১০) অনুচ্ছেদ ৫ এ উল্লেখিত অব্যাহতি প্রদান সংক্রান্ত আদেশ জারির তারিখ হইতে পরবর্তী ৫ (পাঁচ) বৎসর প্রজ্ঞাপনের সকল শর্তাবলি পরিপালন সাপেক্ষে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৬ তারিখে কার্যকর হইবে এবং ইহা ৩০ জুন, ২০৩১ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।

Downloaded from www.taxvatpoint.com